111

দৈনিক খবর

তারিখ ... 11 DEC 1989 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ...

# 'প্রতিষ্ঠান বহির্ভূত বিজ্ঞান শিক্ষা': আন্তর্জাতিক কর্মশালা শুরু

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত কর্মকান্ডে 'সকল বয়সের মানুষের অংশগ্রহণ নিশ্চিত করার জন্যে তাদের কাছে 'প্রতিষ্ঠান বহির্ভূত বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা' পৌঁছে দিতে হবে। বাসস জানায়, তিনি গতকাল রোববার ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'প্রতিষ্ঠান বহির্ভূত বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা' সংক্রান্ত এক আন্তর্জাতিক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব এ এন এম ইউসুফের সভাপতিত্বে কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী মনসুর আলী সরকার, বিজ্ঞান যাদুঘরের পরিচালক ডঃ কে এম সিরাজুল ইসলাম এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের যুগ্মসচিব এম এ মুজিব চৌধুরীও অনুষ্ঠানে বক্তৃতা করেন। ইউনেস্কো সংক্রান্ত জাতীয় কমিশনের সহযোগিতায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর এবং শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত সপ্তাহব্যাপী এই কর্মশালায় চীন, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, নেপাল, শ্রীলংকা ও দক্ষিণ কোরিয়া থেকে একজন করে প্রতিনিধিসহ মোট ৪০ জন প্রতিনিধি অংশ নিচ্ছেন।

# সার্বজনীন শিক্ষাঃ লক্ষ্য অর্জনে কাঠামো তৈরী প্রশ্নে আলোচনা

বাসস জানায়, সবার জন্য শিক্ষা সংক্রান্ত দক্ষিণ ও মধ্য এশিয়ার তিন দিনব্যাপী চলতি সম্মেলনের দ্বিতীয় দিনে গতকাল রোববার অংশগ্রহণকারীরা সবার জন্য শিক্ষা সংক্রান্ত বিশ্ব সনদ এবং বিশ্বব্যাপী সার্বজনীন শিক্ষার লক্ষ্য অর্জনের জন্যে একটি কাঠামো প্রণয়নের জন্য আলোচনা করেন।

তাঁরা আগামী মার্চে ব্যাংককে অনুষ্ঠিতব্য সবার জন্য শিক্ষা সংক্রান্ত বিশ্ব সম্মেলনের প্রস্তুতি সম্পর্কে সংশ্লিষ্ট বিষয়াদি নিয়েও আলোচনা করেন। দিনের আলোচনার কেন্দ্রবিন্দু ছিল মূলতঃ সনদ ও কর্মকাঠামো প্রণয়ন সংক্রান্ত। ভারতের মিঃ রাজেশ টানডোনের সভাপতিত্বে সনদের সূচনা সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ অধিবেশনের মধ্য দিয়ে দিবসটি শুরু হয়। তিনি এশিয়ার একজন গবেষণা সমন্বয়কারী।

অংশগ্রহণকারী দেশগুলোর প্রতিনিধিরা আলোচনায় অংশ নেন।